

## কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষককে শোকজ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

কর্তৃপক্ষীয় ভূমিকার সমালোচনা করে প্রচারপত্র বিতরণ করার অভিযোগে কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি পরিসংখ্যান বিভাগের এক সহযোগী অধ্যাপককে কারণ দর্শানো নোটিশ দেয়া হয়েছে। বিষয়টি তদন্তের জন্য এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

কৃষি পরিসংখ্যান বিভাগের সহযোগী অধ্যাপক পরেশ চন্দ্র মোদক 'শ্রীকৃষ্ণের জন্মায়ত্তমী অনুষ্ঠান : যুপকাঠের বলি' শীর্ষক প্রচারপত্রে অনুষ্ঠান পালনে কর্তৃপক্ষীয় অসহযোগিতা, অতিথিদের আগমনের উপর নিষেধাজ্ঞা জারি, প্রভৃতি বিষয়ে কৃষি বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্যসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের ভূমিকার সমালোচনা করেন গত ১০ই অক্টোবর।

এ পরিপ্রেক্ষিতে কৃষি বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ঐ শিক্ষককে কারণ দর্শানো নোটিশ দিয়েছেন।

বিষয়টি তদন্তের জন্য সিডিকেট সদস্য এডভোকেট জুবেদ আলীকে প্রধান করে এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কারণ দর্শানো নোটিশ সম্পর্কে কৃষি পরিসংখ্যান বিভাগের সহযোগী অধ্যাপক পরেশ চন্দ্র মোদকের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান, লিফলেটের কোন অংশটি আপত্তিকর তা জানানোর জন্য ভারপ্রাপ্ত রেজিস্ট্রারকে চিঠি লিখেছি।